بسم الله الرحمن الرحيم

Phone: (202) 244-0183
Fax : (202) 244-2771/7830
E-mali: bdoot_pwash@yahoo.com
Website : www.bdembassyusa.org

EMBASSY OF THE
PEOPLE'S REPUBLIC OF BANGLADESH
3510 International Drive, NW
Washington, D.C. 20008

Press Release

Date : 29 May 2014

Ambassador Akramul Qader hosts farewell reception: Congresswoman Sheila Jackson Lee handed ' Certificate of Congressional Recognition'

On May 28, 2014, H.E. Mr. Akramul Qader, Bangladesh Ambassador to the USA and Mrs. Rifat Sulatana Akram hosted a reception followed by a dinner at the Bangabandhu auditorium of the Embassy to say goodbye to their friends and colleagues in the USA. In attendance at the reception were, among many other high dignitaries, Congresswoman Sheila Jackson Lee, Congressman Ed Whitfield, US Chief of Protocol Ambassador Peter Selfridge, Deputy Assistant Secretary, Atul Keshap, Bangladesh Consul General to New York, Mr. Shameem Ahsan, Bangladesh Consul General to Los Angeles, Ms Sultana Laila Hossain, members of diplomatic corps in Washington DC, Embassy officials, and members of Bangladesh Diaspora—including leaders of various organizations.

In an emotionally choked voice Ambassador Qader's first sentence at the podium was "I wanted a perfect ending and now I have learnt the hard way." He thanked the White House, the State Department, the US Congress, the people of his great host country, and the vibrant Bangladesh Diaspora in the USA for offering him extraordinary support, gorgeous treatments and generous hospitality during the last five years of his tenure as Bangladesh Ambassador to the USA. While applauding US Government for its continued and sustained engagements with the Embassy, which opened up many new chapters in the discourse of the US-Bangladesh bilateral relations during his tenure, he also urged upon the audience in his own humble way, "....please do not ask for my scorecard today". He expressed hope that the US Government would continue to provide the same kind of assistance to his successor.

Congresswoman Sheila Jackson Lee spoke on the occasion on behalf of Congressional Bangladesh Caucus in the US House of Representatives. Terming Ambassador Qader's departure as mournful to many in the audience including herself, she said, "Ambassador Qader and his wife have increased and improved the friendship between the United States and Bangladesh and the peoples between the two countries". She handed over a **'Certificate of Congressional Recognition'** to Ambassador Qader in appreciation of his extraordinary contribution to the "continued friendship" between the two countries.

Deputy Assistant Secretary, Bureau of South and Central Asian Affairs, Mr. Atul Keshap officially represented the US Government in the program. Taking on the point of Ambassador Qader's scorecard as Bangladesh Ambassador, Mr. Keshap elaborated on some of the remarkable achievements in the bilateral relations between the two countries during his term including, among others, signing of TICFA, and institutionalizing regular Partnership Dialogue, Security Dialogue, and Military-Military Dialogue. He commended Ambassador Qader's efforts to put the bilateral relations between the two countries on a mutually-reinforcing trajectory defined by common values, enhanced trade and investments, people to people contacts, and peace and security cooperation.

The longest serving Bangladesh envoy ever in the US, Ambassador Qader would end his term of appointment on June 02, 2014. Soon afterwards, he would return to Dhaka leaving behind an enviable record of diplomatic success, and a lasting impact in the hearts and minds of the Bangladesh Diaspora. As one of the community leaders attending the program said, "Ambassador Qader's passion for community engagements has set an almost unmatchable standard to follow".

Swapan Kumar Saha, Minister (Press), Embassy of Bangladesh, Washington DC 20008, Phone: 202-244-5071, Fax: 202-244-2771 / 7830, e-mail bdoot_pwash@yahoo.com

بسم الله الرحمن الرحيم

Phone: (202) 244-0183
Fax : (202) 244-2771/7830
E-mali: bdoot_pwash@yahoo.com
Website : www.bdembassyusa.org

EMBASSY OF THE
PEOPLE'S REPUBLIC OF BANGLADESH
3510 International Drive, NW
Washington, D.C. 20008

প্রেস বিজ্ঞপ্তি

তারিখ : ২৯ মে ২০১৪

আনুষ্ঠানিক বিদায় অনুষ্ঠানের আয়োজন করলেন রাষ্ট্রদূত কাদের : কংগ্রেসউইম্যান শিলা জ্যাকসন লী কর্তৃক 'সার্টিফিকেট অব কংগ্রেসানাল সাপোর্ট' প্রদান

২৮ মে ২০১৪, মার্কিন যুক্তরাষ্ট্রে নিযুক্ত বাংলাদেশের রাষ্ট্রদূত জনাব আকরামুল কাদের এবং তদীয় পত্নী রিফাত সুলতানা আকরাম যুক্তরাষ্ট্রে তাঁদের বন্ধুস্থানীয় ব্যক্তি, সহকর্মী, এবং মার্কিন সরকারের গুরুত্বপূর্ণ ব্যক্তিদের আনুষ্ঠানিকভাবে বিদায় জানানোর উদ্দেশ্যে দূতাবাসের বঙ্গবন্ধু মিলনায়তনে এক অভ্যর্থনা অনুষ্ঠান ও নৈশভোজ এর আয়োজন করেন। অনুষ্ঠানে, অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন, কংগ্রেসউইম্যান শিলা জ্যাকসন লী, কংগ্রেসম্যান এড হুইটফিল্ড, মার্কিন রাষ্ট্রাচার প্রধান রাষ্ট্রদূত পিটার সেলফ্রিজ, পররাষ্ট্র দপ্তরের উপ সহকারী পররাষ্ট্রমন্ত্রী জনাব অতুল কেশাপ, হোয়াইট হাউজ প্রতিনিধি, বিভিন্ন মন্ত্রনালয় এর কর্মকর্তা, নিউইয়র্কে নিযুক্ত বাংলাদেশের কনসাল জেনারেল জনাব শামীম আহসান, লস এঞ্জেলস এ নিযুক্ত বাংলাদেশের কনসাল জেনারেল মিজ সুলতানা লায়লা হোসেন, কূটনৈতিক কোর-এর সদস্য, বাংলাদেশ দূতাবাসের কর্মকর্তা, এবং ওয়াশিংটনস্থ বাংলাদেশ কম্যুনিটির গুরুত্বপূর্ণ ব্যক্তিবর্গ।

রাষ্ট্রদূত কাদের এর বক্তব্যটি ছিল বেশ আবেগনির্ভর। শুরুতেই তিনি বলেন, " আমি একটি অসাধরণ পরিসমাপ্তির অপেক্ষায় ছিলাম, কিন্তু আজ উপলব্ধি করছি তা অর্জন করা বেশ কঠিন।'' যুক্তরাষ্ট্রে তাঁর বিগত পাঁচ বছরের কর্মকালে তাঁকে সর্বোতভাবে সহযোগিতা করার জন্য তিনি হোয়াইট হাউজ, যুক্তরাষ্ট্রের পররাষ্ট্র দপ্তর, মার্কিন কংগ্রেস, যুক্তরাষ্ট্রের সাধারণ জনগন, এবং যুক্তরাষ্ট্রে বসবাসরত প্রবাসী বাংলাদেশীদের ধন্যবাদ জানান। তিনি বলেন, তাঁর সময়কালে মার্কিন সরকারের অব্যাহত ইতিবাচক মনোভাব এবং দূতাবাসের সাথে পররাষ্ট্র দপ্তরের চমৎকার সহযোগিতার সম্পর্কের কারণে দ্বিপাক্ষিক প্রায় সকল বিষয়ে নতুন অনেক সম্ভাবনার দ্বার উন্মোচিত হয়েছে। স্বভাবসুলভ বিনয়ী কন্ঠে তিনি বলেন, রাষ্ট্রদূত থাকাকালীন সাফল্য-ব্যর্থতার হিসাবের খাতাটি আজ তিনি আনুষ্ঠানিকভাবে বন্ধ

করলেন। তিনি আশা প্রকাশ করেন, মার্কিন সরকার তাঁর উত্তরসূরীকেও একইপ্রকার সাহায্য ও সহযোগিতা প্রদান অব্যাহত রাখবে।

অনুষ্ঠানে বাংলাদেশ কংগ্রেশানাল ককাস এর প্রতিনিধিত্ব করেন কংগ্রেসউইম্যান শীলা জ্যাকসন লী । তিনি বলেন, " রাষ্ট্রদূত কাদের এবং মিসেস কাদের বাংলাদেশ- মার্কিন যুক্তরাষ্ট্রের বন্ধুত্বকে সুদৃঢ় করা এবং সেইসাথে সামনে এগিয়ে নেওয়ার ক্ষেত্রে অনন্যসাধারণ ভূমিকা পালন করেছেন"। বাংলাদেশ- মার্কিন যুক্তরাষ্ট্রের দ্বিপাক্ষিক সম্পর্কের ক্ষেত্রে তাদের অসাধারন ভূমিকার স্বীকৃতিস্বরূপ তিনি রাষ্ট্রদূত কাদেরকে সম্মানসূচক 'সার্টিফিকেট অব কংগ্রেসানাল সাপোর্ট' প্রদান করেন।

অনুষ্ঠানে উপস্থিত মার্কিন সরকারের প্রতিনিধি, পররাষ্ট্র দপ্তরের সাউথ ও সেন্ট্রাল এশিয়া ব্যুরোর উপসহকারী পররাষ্ট্রমন্ত্রী জনাব অতুল কেশাপ বলেন, রাষ্ট্রদূত কাদের তাঁর কর্মকালীন সময়ে দুদেশের দ্বিপাক্ষিক সম্পর্ককে নতুন এক উচ্চতায় নিয়ে যেতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছেন। তিনি বলেন, দুদেশের সম্পর্কের সাম্প্রতিক সবকয়টি উল্লেখযোগ্য সাফল্যের পেছনে রাষ্ট্রদূত কাদেরের অবদান অনস্বীকার্য, যেমন, টিকফা চুক্তি স্বাক্ষর, নিয়মিত অংশীদারিত্ব সংলাপ, নিরাপত্তা সংলাপ, ও সামরিক সংলাপ অনুষ্ঠানের জন্য চুক্তি স্বাক্ষর ইত্যাদি।

মার্কিন যুক্তরাষ্ট্রে এযাবৎকালে বাংলাদেশের সবচেয়ে দীর্ঘ সময়কালীন রাষ্ট্রদূত জনাব আকরামুল কাদের আগামী ০২ জুন, ২০১৪ তারিখে রাষ্ট্রদূত হিসেবে তাঁর কর্মভার অর্পন করবেন। অসাধারন কূটনৈতিক সাফল্যের পাশাপাশি মার্কিন যুক্তরাষ্ট্রে বসবাসরত বাংলাদেশীদের বিভিন্ন সাংস্কৃতিক কর্মকান্ডে সরাসরি সম্পৃক্ততার করণে তিনি প্রবাসী বাংলাদেশীদের কাছেও একজন অত্যন্ত জনপ্রিয় ব্যক্তিত্ব। অনুষ্ঠানে উপস্থিত একজন বাংলাদেশী আবেগপ্রবণ কন্ঠে বলেন যে,"কম্যুনিটির জন্য রাষ্ট্রদূত কাদেরের অনুরাগ জনপ্রিয়তার নিরিখে তাঁকে প্রায় একটি অনতিক্রম্য পর্যায়ে নিয়ে গেছে"।

Swapan Kumar Saha, Minister (Press), Embassy of Bangladesh, Washington DC 20008, Phone: 202-244-5071, Fax: 202-244-2771 / 7830, e-mail bdoot_pwash@yahoo.com